9415 5000Rs.

INDIA NON JUDICIAL

৫000রু. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

Admissible under Regn. Rule 21
duly Stamped under the Indian
Stamp Act 1899 as amended by
Act III of 1922 and Section 82
(F) of the Calcutta Improvement Act 1911 Schedule
2A ..........................
Stamp Duty paid under the
Indian Stamp Act 1899 as
amended in 1964 Rs ..........
Aditional duty Paid under the
Calcutta Improvement Act 1911
Rs.............. P ..........
Total Rs.

Registrar u/s 7 (2)
South 24-Parganas, Alipore,
28.5.92

মূঃ ৪৮, ০০০.০০ টাকা

সাফ বিক্রয় কোবালা দলিল :-

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

কোবালা গ্রহীতা :- ডাক্তার অভিজিৎ সর্বাধীকারী, পিতা শ্রী **সুধীর** চন্দ্র সর্বাধীকারী,
জাতি- হিন্দু, পেশা- ডাক্তারি, সাং- ৬৮ বি, রসা রোড ইস্ট,
থানা- টালীগঞ্জ, কলিকাতা- ৭০০০৩৩ ॥

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

কোবালা দাতা :- শ্রী মানস কান্তি দাস, পিতা শ্রী সুবোধ কুমার দাস,
জাতি- হিন্দু, পেশা- চাকুরী, সাং- ৬০ নং মেত্র মিত্র লেন,
থানা- গোলাবাড়ী, জেলা- হাওড়া ॥

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

কম্য কমবেশী ৭ কাঠা ১৬ বর্গফুট জমি জমা মায় সর্বপ্রকার ইজমেন্ট স্বত্ব সহ

INDIA NON JUDICIAL

७५० रु. Rs 750

सत्यमेव जयते

भारत

सात सौ पचास रुपये SEVEN HUNDRED & FIFTY RUPEES



সম্পূর্ন নির্দায় ও নির্দোষ সম্পত্তির সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা- দ: ২৪ পরগণা, পরগনে- খাসপুর, থানা- সাবেক সদর টালীগঞ্জ তৎপরে যাদবপুর হাল কসবা, সবরেজিষ্ট্রী অফিস আলিপুর অধুনা শিবাদহ অন্তর্গত, বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের অধীন অত্র জেলা কালেকটরীর ৩, ৪, ৫, ১২ নং তৌজি ভুক্ত রে: সা: নং ২, জে: এল: নং ২০, মৌজা- কালিকাপুর গ্রামে রায়ত দখলি স্বত্বীয় বিগত ডি: সেটেলমেন্ট জরীপের ১৫, ৩৭, ৬১, ৮৭ নং খতিয়ান ভুক্ত সাবেক ৩০৬ নং দাগের মোট ১৯.৭১ শতক জমি বা স্থানীয় মাপে কমবেশী ৬০ বিঘা জমি সহ আরও অন্যান্য জমি পূর্ব্বে জনৈক নারায়ণ চন্দ্র প্রামানিক ও ফকির চন্দ্র প্রামানিকের অংশের ৬০ বিঘা জমি বিগত ইং ১৯৫২ সালের ৭ই মার্চ্চ তারিখে এক দেবোত্তর দলিল দ্বারা শ্রী শ্রী দুর্গামাতা ঠাকুরানীর বরাবর অর্পন করেন। কিন্তু তিনি জীবীত থাকা অবস্থায় উক্ত সম্পত্তি দেবোত্তর রাখার আবশ্যকতা নাই বলিয়া দেবোত্তর বন্ধ করিয়া দিয়া তাহার নিজস্ব খাস জমি হিসাবে রাখিয়া চাষবাদ এন্মে ভোগদখল করিতে থাকেন। এবং দেবোত্তর দলিল নাকচ করিয়া দেন। এমতপ্রকারে নারায়ণ চন্দ্র প্রমানিক তাহার

बीस रुपये
सत्यमेव जयते
भारत
INDIA
२०रु. TWENTY RUPEES 20RS.



উক্ত সম্পত্তি নিঃব্যূঢ় স্বত্বে নির্ব্বিঘ্নে ভোগদখল করিতে থাকা অবস্থায় তাহার চার পুত্র যথাক্রমে জটিরাম প্রামানিক, সতীশ চন্দ্র প্রামানিক, অতুল চন্দ্র প্রামানিক ও পতিত পাবন ওরফে চন্দ্র কুমার প্রামানিক মধ্যে তিন পুত্র জটিরাম , সতীশ ও অতুল প্রামানিকে বর্ত্তমান রাখিয়া পরলোক গমন করেন ।

উক্ত জটিরাম প্রামানিকের দুই পুত্র জয়কৃষ্ণ প্রামানিক ও হরেকৃষ্ণ প্রামানিক ও উক্ত সতীশ প্রামানিক তাহার এক স্ত্রী দুর্গামনি প্রামানিক ও এক পুত্র মেথর প্রামানিক এবং চার কন্যা কামিনী , যামিনী , বেচী ও মনমোহিনী এবং মৃত অতুল প্রামানিক এর স্ত্রী শ্রীমতী জিরো বালা প্রামানিক এবং পুত্র বিশ্বনাথ প্রামানিক এবং পতিত পাবন ওরফে চন্দ্র কুমার প্রামানিককে ওয়ারেশ রাখিয়া নারায়ণ প্রামানিক পরলোক গমন করেন ।

উক্ত ফকির চন্দ্র প্রামানিক তাহার চার পুত্র যথাক্রমে ১। শ্রী মানিক লাল , ২। শ্রী মুকুরাম , ৩। শ্রী সাধন ও ৪। শ্রী গোবর্দ্ধন প্রামানিক দীগকে ওয়ারেশ উত্তরাধীকারী বর্ত্তমান রাখিয়া পরলোক গমন করিলে পর উক্ত চারপুত্র মৃত ফকির চন্দ্র প্রামানিকের ত্যাক্ত সম্পত্তি পৈতৃক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া মালিক দখলিকার থাকাকালিন উক্ত মুকুরাম প্রামানিক তাহার একপুত্র জগন্নাথ প্রামানিক পিতার ত্যাক্ত অংশের সম্পত্তি প্রাপ্ত হয়েন ।

হাল রিভিশনাল জরীপে উক্ত সম্পত্তি ১৮ নং খতিয়ান হইতে ২৫৬ , ৩৫৩ ও ৩৫৪, ৩৫৫ , ৩৫৯ ও ৩৬৭ নং দাগে ১২ শতক এবং ১৫৩।১ নং খতিয়ানের হইতে ২৭৬ পরে ৩৬২ নং খন্ড খতিয়ানে ৩৫৬।৪০৬ নং দাগে ৯.৭৯ শতক সর্ব্বমোট ১৯.৭১ শতক বা স্থানীয় মাপে কমবেশী ৬০ বিঘা জমি এবং রিভিশনাল সেটেলমেন্ট জরীপের ২৫৯ পরে ৩৫৬ নং খতিয়ানে ৩৫৬।৪০৬ নং দাগে ২.৪৫ শতক জমি এবং ৩৫৪, ৩৫৯ দাগে ০৩ শতক এবং ২৭৮ নং খতিয়ানের পরে ৩৬১ নং খতিয়ান ভুক্ত ৩৫৬।৪০৬ নং দাগের ২.৪৫ শতক জমি উল্লিখিত স্বত্বাধীকারীগনের নামে রেকর্ড হয় ।

অতঃপর উক্ত সরীকগনের মধ্যে মৃত নারায়ণ চন্দ্র প্রামানিকেরওয়ারেশ পতিত পাবন প্রামানিক দীগর ও ফকীর চন্দ্র প্রামানিকের ওয়ারেশ গনের মধ্যে জগন্নাথ প্রামানিক মহাশয় উক্ত খতিয়ান সমূহ মধ্যে সাবেক ৩০৬ হাল ১৮ নং খতিয়ান হইতে ২৫৬ ও ৩৫৩ নং খন্ড খতিয়ানের ৩৫৬।৪০৬ নং দাগের ৯.৮০ শতক এবং ৩৫৪,৩৫৫,৩৫৯ ও ৩৬৭ নং দাগের ১২ শতক এবং ১৫৩।১ নং খতিয়ান হইতে ২৭৬ নং খতিয়ান পরে ৩৬২ নং খতিয়ান ভুক্ত ৩৫৬।৪০৬ নং দাগের ৯.৭৯শতক একুনে ১৯.৭১ শতক বা স্থানীয় মাপে ৬০ বিঘা জমির মধ্যে ৪৫ বিঘা এবং হাল ২৫৯ নং খতিয়ান পরে হাল ৩৫৬ নং খতিয়ান ভুক্ত ৩৫৬।৪০৬ নং দাগে ২.৪৫ শতক এবং ৩৪৫,৩৫৯ নং দাগের .০৩ শতক ও হাল ২৭৮ নং খতিয়ান ভুক্ত ৩৫৬।৪০৬ নং দাগে ২.৪৫ শতক একুনে ৪.৯৩ শতক বা স্থানীয় মাপে ১৫ বিঘা সর্ব্বমোট ৬০ বিঘা জমি সত্যেন্দ্র নাথ মিত্রের স্ত্রী মিরা মিত্রের নিকট ৮।১২।৬১ আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ৯৩৪৮ নং কোবালা মূলে বিক্রয় করিয়া চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন ।

অতঃপর উক্ত জমি হইতে ১০ দশ বিঘা জমি ১৪।৪।১৯৭০ তারিখে শ্রী কার্ত্তিক চন্দ্র পাইক মহাশয়ের নিকট বিক্রয় করেন এবং উক্ত সত্যেন্দ্র মিত্র মহাশয়ের স্ত্রীর নামিয় খরিদা জমি বিভিন্ন ব্যাক্তিবর্গের নিকট বিক্রয় করা বাদে ৫ বিঘা জমি ২৭।২।১৯৭৩ তারিখে আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত শ্রী কার্ত্তিক চন্দ্র পাইক ও শ্রী গোবিন্দ পদ দাসের নিকট বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি হইতে চিরকালের জন্য নিঃস্বত্ব ও

শ্রীমানস কান্তি দাস

॥ ৫ ॥

দখলচ্যুত হয়েনএবং তাহা দিগকে খাস দখল দেন ।

অতঃপর উক্ত কার্ত্তিক চন্দ্র পাইক ও শ্রী গোবিন্দ পদ দাস তাহাদের খরিদা উক্ত জমিতে রিতীমত খাস দখল গ্রহন করতঃ খজনাদী আদায়ে নির্ব্বিঘ্নে ভোগবান মালিক দখলিকার থাকা অবস্থায় তাহাদের সংগত কারনে নগদ টাকার আবশ্যকে তাহাদের খরিদা খাস দখলি উক্ত হাল ১৫৩।১, ২৭৮, ৩৬১, ১৮, ২৫৯, ৩৫৬, ২৭৬, ৩৬২, ২৫৬ ও ২৫৩ নং খতিয়ান ভুক্ত সাবেক ৩০৬ হাল ৩৫৬।৪০৬ নং দাগে ৫ বিঘা জমি মধ্যে চিহ্নিত করিয়া ২ দুই বিঘা জমি বিক্রয়ের ঘোষনা করিলে পর, আমি দলিল দাতা শ্রী মানস কান্তি দাস তাহা অবগত হইয়া উক্ত ২ বিঘা জমির উচিৎ মূল্য শ্রী কার্ত্তিক চন্দ্র পাইক ও শ্রী গোবিন্দ পদ দাস মহাশয়দ্বয়কে আদায় দিয়া আমার নাম বরাবর এককেতা বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া লই । আমি দলিল দাতা আমার খরিদা উক্ত কোবালা খানি মোকাম আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসের ইংরাজী ৫।৩।১৯৭৩ তারিখের রেজিষ্ট্রীকৃত ৯১০ নং কোবালা দলিল হইতেছে ।

আমি দলিল দাতা আমার খরিদা উক্ত জমিতে রিতীমত খাস দখল গ্রহন করতঃ খজনাদী আমার নাম বরাবর আদায় দিয়া দাখিলাগ্রহনে এযাবৎ কাল অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নিজ স্বত্ব পরিচালনে নির্ব্বিঘ্নে ভোগবান মালিক দখলিকার থাকি ও আছি ।

এক্ষনে আমি দলিল দাতা আমার নানাবিধ সংগত কারনে নগদ টাকার আবশ্যকে আমার খাস দখলি উক্ত হাল ৩৫৬ নং খতিয়ান ভুক্ত হাল ৩৫৬।৪০৬ নং দাগের জমি হইতে কমবেশী ৭ সাত কাঠা ১৬ ষোল বর্গফুট শালি জমি যাহা নিম্নের তপশীলে বর্ণিত হইল ও অত্র সাথ সংলিত প্লানে লাল রং এর রেখা দ্বারা বেষ্ঠিত করিয়া ৭ এবং ৮ নং প্লটে দেখান হইল উক্ত সম্পত্তি বিক্রয়ের ঘোষনা করিলে পর, আপনি দলিল গ্রহীতা তাহা অবগত হইয়া নিম্নের তপশীল বর্ণিত ৭ কাঠা ১৬ বর্গফুট জমি বেনমোক্তা মবলগে ৪৮,০০০৲ আটচল্লিশ হাজার টাকা মূল্য প্রদানে খরিদ করিতে ইচ্ছুক হইলে পর, আমি দলিল দাতা আপনার প্রস্তাবিত উক্ত মূল্য বর্ত্তমান বাজার উচিৎ মূল্য জানিয়া আপনার প্রস্তাবিত উক্ত মূল্যে আপনার নিকট বিক্রয় করিতে রাজী থাকিয়া, অদ্য তারিখে আমি

শ্রী সুকুমার দাস



দলিল দাতা আপনার নিকট হইতে নিম্নের তপশীল বর্ণিত ৭ কাঠা ১৬ বর্গফুট জমির মূল্যের সাকুল্য ৪৮,০০০ আটচল্লিশ হাজার টাকা নিম্নের জায়মত বুঝিয়া পাইয়া অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর লিখিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

বিক্রীত নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব, স্বামিত্ব স্বার্থ, লভ্য, দখল, অধিকার হক হকিয়ৎ দাবী দাওয়া প্রভৃতি ছিল বা আছে তাহা অত্র কোবালা বলে আমার হইতে চিরকালের জন্য ধ্বংশ ও বিলুপ্ত হইয়া আপনাতে সর্ব্বতোভাবে বর্ত্তিল । আপনি দলিল গ্রহীতা অদ্য হইতে অত্র কোবালা বলে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে দখলিকার থাকিয়া মালেক জমিদার সেরেস্তায় ও হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে আমার নামের স্থলে আপনার নিজ নাম পত্তন ক্রমে খাজনা ও ট্যাক্সাদী আপনার নাম বরাবর আদায় দিয়া রসিদাদী গ্রহনে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে দান, বিক্রয়, বন্ধক ইত্যাদীর যাবতীয় হস্তান্তরের ক্ষমতা যুক্তে ও সর্ব্ববিধ অবস্থান্তর ও রূপান্তর করনের ক্ষমতা যুক্তে যদৃচ্ছা ভাবে ষোল আনা মালিক স্বরূপে ভোগদখল বসবাস করিতে থাকুন ও থাকিবেন, তাহাতে আমি বা আমার কোন ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে কেহ কখনও কোন প্রকার ওজর আপত্তি, দাবী দাওয়া করিতে পারিবনা ও পারিবেনা, করিলেও তাহা অত্র কোবালা বলে সর্ব্বদা সর্ব্বপ্রকার অফিস আদালতে সর্ব্বতোভাবে বাতিল ও নামঞ্জুর হইবেক ।

এতদ্বারা আরও প্রকাশ করিতেছি যে, বিক্রীত সম্পত্তির উপর কোনরূপ বন্ধক মর্টগেজ, চার্জ্জ লিয়েন বা দায় নাই কিম্বা আমি উহা বা উহার কোন অংশ কখনও কাহাকেও দান, বিক্রয়, বন্ধক ইত্যাদীর দ্বারা কোন প্রকার হস্তান্তর করি নাই বা উহা কাহারও বেনামে রাখা নাই বা উহা কাহারও জামানতে অথবা কোন আদালত হইতে কোন প্রকার ক্রোকাদীর দ্বারা আবদ্ধ নাই বা উক্ত সম্পত্তি সম্বন্ধে কোন আদালতে কোনরূপ নালিশ বা মোকর্দ্দমা দায়ের নাই বা উহার সম্বন্ধে অপর কোন বিক্রয়ের চুক্তি করি নাই বা কোনরূপ চুক্তি বলবৎ নাই বা উহা কোন প্রকার ধর্ম্ম সেবাতে বা কোন প্রকার ট্রাষ্টএ

আবদ্ধ নাই বা উক্ত সম্পত্তি সম্বন্ধে কোন প্রকার মেয়াদী বা বেমেয়াদী প্রজাবিলি বা কোন প্রকার বিলি বন্দোবস্ত নাই বা উক্ত সম্পত্তিতে আমার অপর কোন সরীক নাই বা উহাতে অপর কাহারো কোনরূপ স্বত্ব, স্বার্থ, দাবী বা সংশ্রব নাই । আমি উক্ত সম্পত্তির ষোল আনা মালিক হইতেছি ও উহা আমার ষোল আনা খাস দখলে থাকা অবস্থায় আপনার নিকট নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি হইতে চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলচ্যুত হইয়া আপনাকে খাস দখল দিলাম ।

যদি আমার উপরি উক্ত উক্তি সমূহের মধ্যে কোন একটী উক্তি মিথ্যা, তঞ্চকী বা বিপরীত বলিয়া প্রকাশ পায় তাহা হইলে আমি মাফিক আইন আমলে আসিব ও তৎসেওয়ায় আপনার যাহা কিছু ক্ষতি খেসরত হইবে তৎসমূদয় মায় সুদ সহ এককালিন পূরন করিতে বাধ্য রহিলাম ।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলে যদি কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি আপনার তলবমত আপনার খরচায় উক্ত ভুল ভ্রান্তির জন্য অপর যে কোন প্রকারের সংশোধনী দলিল করিবার আবশ্যক হইবে তাহাও সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে, সরলমনে, স্বেচ্ছায়, স্বজ্ঞানে অত্র বিক্রয় কোবালা দলিল খানি দলিল গ্রহীতার নাম বরাবর লিখাইয়া তাহা পাঠ করত: মর্ম্ম সকল অবগত করাইয়া এবং নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তির মূল্যের সাকুল্য টাকা নিম্নের জায়মত গ্রহন করিয়া অত্র বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন করিলাম । ইতি তাং ইংরাজী ১৯৯২ সালের ২৬শে [illegible]

বাংলা ১৩৯৯ সনের ১২ই [illegible]

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-

***************

জেলা- দক্ষিন ২৪ পরগণা, পরগনে- খাসপুর, থানা হাল কসবা, সবরেজিষ্ট্রী অফিস আলিপুর অধুনা শিয়ালদহ অন্তর্গত বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের অধীন অত্র জেলা কালেকটারীর ৩, ৪, ৫ ও ১২ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ২, জেঃ এলঃ নং ২০,

মৌজা- কালিকাপুর গ্রামে হাল ৪ নং বিধিমতে রায়ত দখলি স্বত্বীয় হাল রিভিশনাল জরীপের ১৫৩।১, ২৭৮, ৩৬১, ১৮, ২৫৯, ৩৫৬, ২৭৬, ৩৬২, ২৫৬ ও ২৫৩ নং খতিয়ানের অন্তর্গত সাবেক ৩০৬ হাল ৩৫৬।৪০৬ নং দাগের জমি হইতে আমার খরিদা ২ দুই বিঘা জমি মধ্যে আমার খাজনা দাখিলা দৃষ্টান্তে হাল ৩৫৬ নং খতিয়ান ভুক্ত হাল ৩৫৬।৪০৬ নং দাগের জমি হইতে কমবেশী ৭ সাত কাঠা ১৬ ষোল বর্গফুট জমি যাহা অত্র সাথ সম্বলিত প্লানে লাল রং এর রেখা দ্বারা বেষ্ঠিত করিয়া ৭ ও ৮ নং প্লটে দেখান হইল উক্ত সম্পত্তি অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে ।

উক্ত হাল ৩৫৬ নং খতিয়ান বর্ণিত মোট ২.৪৫ শতক জমির কাত বার্ষিক ১২ টাকা, বিক্রীত জমির হারাহারী মতে বার্ষিক খাজনা .৯৩ পয়সা মালেক জমিদার পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেকটর বাহাদুর সরকারে সন সন আদায় দেয় ।

অত্র সাথ সম্বলিত প্লানে যে রাস্তা দেখান আছে উক্ত রাস্তার উপর দিয়া যানবাহনাদী সহ সর্ব্বপ্রকার যাতায়াতের স্বত্ব, ইলেকট্রিক লাইন ও টেলিফোন লাইন লইবার ও ড্রেন করিবার স্বত্ব সহ বিক্রীত । বিক্রীত জমিতে চাষ হয় । বিক্রীত ভূমির -

| হাল খতিয়ান - ******** | হাল দাগ - ******** | শ্রেনী- ***** | বিক্রীত জমির পরিমান- *********** |
|---|---|---|---|
| ৩৫৬ | ৩৫৬ তিনশত ছাপান্ন বাটা<br>৪০৬ চারশত ছয় | শালি | ৭ কাঠা ১৬ বর্গফুট |

মঃ সাত কাঠা ষোল বর্গফুট শালি জমি তাহাই বিক্রীত ।

বিক্রীত ভূমির চৌহদ্দি :-
***********

উত্তর :- নিজস্ব ১০ ফুট সহ ২০ বিশ ফুট প্রশস্ত রাস্তা ।

দক্ষিন :- স্কীম প্লটের ৬ নং প্লট ।

পূর্ব্ব :- স্কীম প্লটের ১, ২ ও ৩ নং প্লট ।

পশ্চিম :- নিজস্ব ১০ ফুট সহ ২০ বিশ ফুট প্রশস্ত রাস্তা ।


# SITE PLAN.

AT PORTION OF R.S. DAG No $\frac{356}{406}$, J.L. No 20,
R.S. No 2, MOUZA-KALIKAPUR, KHATIAN-No.
P.S. JADAVPUR, NOW KASBA, DIST. 24 PGNS.(SOUTH)

SCALE:- 40'-0" = 1" INCH.

REF:- PLOT No 8&7.
NET LAND:- 7K- 0CH- 16SFT
10'-0" WIDE ROAD:- 0K- 15CH- 7SFT
TOTAL LAND:- 7K- 15CH- 23SFT.

PURCHASED LAND SHOWN IN RED BORDER
UNDER THE C.M.C




শ্রী অসীম কান্তি ধর

DRAWN-BY

শ্রী স্বপন কান্তি দাস

।। ৯ ।।

টাকার জমা :-

*************

অদ্য রোজ ১০০৲ টাকার নোট ৪৮০ কেতায় ....... ৪৮,০০০৲ টাকা,

মং আটচল্লিশ হাজার টাকা মাত্র ।

শ্রী স্বপন কান্তি দাস

মুসাবিদাকারক :-
[illegible]
আলিপুর
কলিকাতা-৭০০০২৭
[illegible]

ইসাদি :-
[illegible]

টাইপকারক :-
শ্রী সনৎ কুমার সানা
শ্রী সনৎ কুমার সানা,

আলিপুর, কলিকাতা- ২৭ ।

Seal of the Office of the District Sub Registrar • South 24 Parganas •

Registrar u/s 7 (2)
South 24-Parganas, Alipore
26.5.92

Seal of the Office of the District Sub Registrar • South 24 Parganas •

Registrar u/s 7 (2)
South 24-Parganas, Alipore
14.6.93

BOOK NO. I
VOLUME NO. 173
PAGES ... TO ...
BEING NO. ...
FOR THE YEAR 19 93